

চবিতে র্যাগিংয়ে যুক্ত ৩ শিক্ষার্থী আটক

চবি প্রতিনিধি

২৭ অক্টোবর ২০১৯

০০:০০ | আপডেট: ২৭

অক্টোবর ২০১৯ ০০:২৩



দৈনিক আমাদের সময়
আমাদের সময়

advertisement

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) র্যাগিং করার সময় চবির তিন শিক্ষার্থীকে আটক করে পুলিশে সোপর্দ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল শনিবার বিকাল সাড়ে ৫টার দিকে বিশ্ববিদ্যালয়ের পরিবহন দপ্তরের সামনে এক ভর্তিচ্ছুকে র্যাগ দেওয়ার সময় হাতেনাতে তাদের আটক করা হয়।

আটককৃত শিক্ষার্থীরা হলেন আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আরাফাত রহমান, ইতিহাস বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী জিহাদ হাসান ও একই বর্ষের লোকপ্রশাসনের শিক্ষার্থী আজিম

নিলয়। র্যাগিংয়ের সময় এরা নিজেদের ছাত্রলীগ কর্মী বলে পরিচয় দেন।

এ বিষয়ে চবির সহকারী প্রক্টর মো. ইয়াকুব আমাদের সময়কে বলেন, এক ভর্তিচ্ছুকে র্যাগ দেওয়া হচ্ছে এমন খবর পেয়ে আমরা ঘটনাস্থলে যাই। সেখানে র্যাগিংয়ের শিকার ওই ভর্তিচ্ছুকে উদ্ধার করি এবং অভিযুক্ত তিনজনকে পুলিশে সোপর্দ করি।

হাটহাজারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বেলাল উদ্দিন জাহাঙ্গীর বলেন, প্রক্টরের ফোন পেয়ে ঘটনাস্থলে গিয়ে তিনজনকে আটক করি। তাদের বিরুদ্ধে যথাযথ পত্রিয়ায় ব্যবস্থা নেওয়া হবে।

উল্লেখ্য, চবির এবারের ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে হার্ডলাইনে বিশ্ববিদ্যালয় প্রশাসন। খাদ্যের অতিরিক্ত দাম, র‍্যাগিং ও জালিয়াতি ঠেকাতে সর্বোচ্চ সতর্কতায় প্রশাসন। রয়েছে নিজস্ব এন্টি-প্রক্সি অ্যাপস এবং এন্টি-র‍্যাগিং ওয়েবসাইট যা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো ব্যবহার করা হবে।